২৮ সেপ্টেম্বর, ২০২৬

# রাড্ডা সেন্টারের জন্য ৫০ লাখ টাকা অনুদান ঘোষণা জামায়াতের



বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরে হামলা, ভাঙচুর ও লুটপাটে ক্ষতিগ্রস্ত রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারের কার্যক্রম পুনরায় চালু করতে ৫০ লাখ টাকা অনুদানের ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী।

সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকেলে ক্ষতিগ্রস্ত স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন শেষে এ ঘোষণা দেন দলটির আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে তিনি অভিযোগ করেন, সরকারি দলের আশ্রয়-প্রশ্রয়ে দেশজুড়ে মব-সন্ত্রাস চলছে। রাড্ডা সেন্টারে হামলার পেছনে সরকারের ‘গডফাদার’ জড়িত বলেও দাবি করেন তিনি।

ডা. শফিকুর রহমান বলেন, অপরাধী যে-ই হোক, তাকে আইনের আওতায় আনতে হবে। পাশাপাশি দেশের কোথাও যেন দুর্বৃত্তরা এ ধরনের কর্মকাণ্ড চালাতে না পারে, সে জন্য সরকারকে দ্রুত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি।

LENS ASIA